



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ
নগরভবন, লেভেল-৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং-৪৬.১০.০০০০.০১৩.৬৩.১৫৫৯.২৮৪.২২- ৯৯৫

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কবর সমূহের উপরে স্থাপিত বাঁশের বেড়া/খুঁটি সমূহ অপসারণ করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন (উত্তরা ৪নং সেক্টর কবরস্থান, উত্তরা ১২নং সেক্টর কবরস্থান, উত্তরা ১৪নং সেক্টর কবরস্থান, বনানী কবরস্থান, মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থান, রায়ের বাজার বধ্যভূমির স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থান) কবরস্থানের সাধারণ এলাকায় দাফনকৃত কবরের উপরে কোন প্রকার গিল/বাঁশের বেড়া/খুঁটি না দেয়ার বিষয়ে ইতোপূর্বেও পত্র দেয়া হয়েছিলো। কিন্তু সরেজমিন পরিদর্শনে দেখা গেছে সাধারণ এলাকায় অধিকাংশ কবরে বাঁশ/গিলের মাধ্যমে বেড়া নির্মাণ করা হয়েছে। বেড়া দেয়া হলে কবরস্থানে ঝোপঝাড়, অগাছার সৃষ্টি হয়, ফলে সৌন্দর্যহানি ঘটে এবং পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজে ব্যাঘাত ঘটে। তাছাড়া দীর্ঘ সময় ধরে বেড়া থাকার কারণেই ঝোপ-জঙ্গাল তৈরী হয় এবং বন্যপ্রাণী যেমন- সাপ, শিয়াল ইত্যাদি বাসা বাধার সম্ভাবনা থাকে। যা কবর জিয়ারত করতে আসা সাধারণ নাগরিকদের নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ বিধায় সার্বিক বিবেচনায় কবরস্থান সমূহের সাধারণ এলাকার কবরের (সংরক্ষিত নয়) বেড়া জরুরী ভিত্তিতে অপসারণের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এমতাবস্থায়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের সাধারণ এলাকায় সংরক্ষিত নয় এমন কবরে নির্মিত গিল/বাঁশের বেড়া/খুঁটি সমূহ দ্রুততম সময়ের মধ্যে অপসারণের জন্য নির্দেশ দেয়া হলো। অপসারণের পর লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য বলা হলো। এছাড়া কবরস্থান সমূহের সাধারণ এলাকায় কোন কবরে নতুন করে কোন গিল/বাঁশের বেড়া/খুঁটি নির্মিত হলে সিনিয়র মোহরার/মোহরার ব্যক্তিগতভাবে দায়ী হবেন। বিষয়টি অতিব জরুরী।

(মোহাম্মদ মামুন-উল-হাসান)
প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ফোন নম্বরঃ ০২- ২২২২৮৪৮৪৬
ইমেইল:- csw_sdo@dncc.gov.bd

- ১। সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা, অঞ্চল- (১, ৩, ৪, ৫ ও ৬), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। সিনিয়র মোহরার/ মোহরার (উত্তরা ৪নং সেক্টর কবরস্থান, উত্তরা ১২নং সেক্টর কবরস্থান, উত্তরা ১৪নং সেক্টর কবরস্থান, বনানী কবরস্থান, মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থান, রায়ের বাজার বধ্যভূমির স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থান), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১০.০০০০.০১৩.৬৩.১৫৫৯.২৮৪.২২- ৯৯৫

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড....., সংরক্ষিত ওয়ার্ড....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- (১, ৩, ৪, ৫ ও ৬), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। সিস্টেম এনালিস্ট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। অফিস কপি।